সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার

<u>অতীব জরুরী</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৫০.০৯.৪৭.২২-১২৯

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯
০৬ জুলাই ২০২২

বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৭৩তম বৈঠকের সিদ্ধান্ত মোতাবেক অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের পত্র নং- ১১.০০.০০০০.৭৩১.৩১.০০৫.২২-২০২, তারিখঃ ২৩/০৬/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির (পিএসি) ৭৩তম বৈঠকের কার্যবিবরণী এসাথে প্রেরণ করা হলো। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত অডিট আপত্তির নিরীক্ষিত হিসাবের বোর্ড কর্তৃক অনুমোদনসহ নিস্পত্তিমূলক ০২ (দুই) সেট ব্রডশীট জবাব (প্রমাণকসহ) নির্ধারিত ছক অনুযায়ী আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রম | অর্থ-বছর, অনুচ্ছেদ নং ও আপত্তির শিরোনাম | অনিয়মের বিবরণ |
|---|---|---|
| ১। | ২০১২-১৩, অনুচ্ছেদ নং: ১<br><br>আপত্তির শিরোনামঃ "পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ৬/১৯৯৬ অনুযায়ী যথাসময়ে প্রভিশনাল ও চূড়ান্ত হিসাব প্রণয়ন করা হয়নি এবং অডিট মন্তব্য বাস্তবায়ন করা হয়নি"। | চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ এর ২০০৭-০৮ অর্থ-বছরের সিএ ফার্ম দ্বারা নিরীক্ষিত চূড়ান্ত হিসাব দীর্ঘ ২ বছর ৩ মাস পর ১০/১১/২০১০ তারিখে জমা দিলেও নিরীক্ষাকালীন সময় ১৪/০৬/২০১১ তারিখ পর্যন্ত নিরীক্ষিত চূড়ান্ত হিসাব বোর্ডে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়নি। |
| | | অডিট রিপোর্টে যে সমস্ত অডিট মন্তব্য করা হয়েছে তা বাস্তবায়ন করা হয়নিঃ<br><br>(১) ক্যাপিটাল ওয়ার্ক ইন প্রগ্রেসঃ টাকা ৩০,৮৩,৪০,০৬৪/-<br><br>সিএ ফার্মের মন্তব্যঃ বিপুল পরিমাণ মালামাল ওয়ার্ক ইন প্রগেসে থাকায় উহাদের বাস্তব যাচাই করা সম্ভব হয়নি। বিলম্ব না করে উক্ত মালামাল স্থায়ী সম্পদে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হলো।<br><br>(২) বিনিয়োগঃ ৫৪,০৪,৬১,৬২৬/- টাকা।<br><br>সিএ ফার্মের মন্তব্যঃ পুঞ্জিভূত অবচয় ৯৬,৯৬,০৪,৮৫৭/- টাকার বিপরীতে অবচয় ফান্ডে ৪৭,৬৫,৮৬,৮০৯ টাকা বিনিয়োগ করা হয়েছে যা পর্যাপ্ত নহে। |

| | | |
|---|---|---|
| | | (৩) ইনভেন্টরীজঃ ১০,৩৭,৯৮,৭৬৮/- টাকা।<br>সিএ ফার্মের মন্তব্যঃ স্টোরে দীর্ঘদিন যাবৎ প্রচুর মালামাল পড়ে রয়েছে। যা ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া হয়েছে।<br>(৪) একাউন্ট রিসিভেবলঃ ১৯,৮৩,২১,৬২৬/-<br>সিএ ফার্মের মন্তব্যঃ উক্ত প্রাপ্তির স্বপক্ষে কোন ডকুমেন্টস সরবরাহ না করায় ব্যালেন্স কনফার্ম করা সম্ভব হয়নি।<br>(৫) অন্যান্য প্রিপেইড খরচঃ ৮,৬৩,০৭,৪৭৬/-<br>সিএ ফার্মের মন্তব্যঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে রাস্তা কাটার জন্য ক্ষতিপূরণ বাবদ অগ্রিম প্রদান করা হলেও উহার স্বপক্ষে কোন ডকুমেন্ট সরবরাহ না করায় উহা কনফার্ম করা হয়নি।<br>(৬) ক্যাশ এন্ড ব্যাংক ব্যালেন্সঃ ১৯,৩৬,৩৬,৩৭৪/-<br>সিএ ফার্মের মন্তব্যঃ ৬৪টি ব্যাংক হিসাবের মধ্যে কয়েকটি ব্যাংক হিসাবে দীর্ঘদিন যাবৎ লেনদেন করা হয়নি। যা বন্ধ করার সুপারিশ করা হয়েছে। |
| | | ২০০৭-০৮ অর্থ-বছরের পরবর্তী সময়কালের অর্থাৎ ২০০৮-০৯ এবং ২০০৯-১০ অর্থ-বছরের প্রভিশনাল ও চূড়ান্ত হিসাব যথাসময়ে প্রণয়ন করতে কর্তৃপক্ষ ব্যর্থ হয়েছে, যা উল্লিখিত আইনের ৩৮(১) ও ৪০(১) ধারার পরিপন্থী। |

সংযুক্তিঃ বর্ণনামতে।

(এ,কে,এম, আনিছুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৫৭২৩১
lgaudit3@lgd.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক
চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২. উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন/অর্থ), চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৩. উপসচিব (এফওসি) ও কমিটি সচিব, কমিটি শাখা-০১, সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/ মাস্টার কপি।